

# জবির আবাসন সমস্যা সমাধানে ৭ সদস্যের কমিটি

জবি প্রতিনিধি

২০ জানুয়ারি ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক  
**আমাদের সমস্যা**



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীদের আবাসন ভাতার বাজেট প্রস্তাবনা তৈরির জন্য সাত সদস্যের কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী ২০ কার্য দিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়।

গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। কমিটিতে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সাবিনা শরমিনকে আহ্বায়ক এবং অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. শেখ রফিকুল ইসলামকে সদস্য সচিব করা হয়। কমিটির অন্য সদস্যরা হলেন- প্রক্টর অধ্যাপক ড. তাজামুল হক, ছাত্রকল্যাণ পরিচালক ড. কে এ এম রিফাত হাসান, ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইন, ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক নাসির উদ্দিন আহমদ ও আইন বিভাগের সহযোগী অধ্যাপক মুহম্মদ আসাদুজ্জামান সাদী। এর আগে তিন দফা দাবিতে গত ১২ জানুয়ারি থেকে অনশন কর্মসূচি শুরু করেন জবি শিক্ষার্থীরা। পরের দিন সোমবার বিকালে সচিবালয়ের অনশনে বসেন তারা। পরে শিক্ষার্থীরা দুইটি দাবি মেনে নেওয়ার লিখিত আশ্বাস পেয়ে অনশন ভাঙেন এবং গত শুক্রবার শাটডাউন কর্মসূচি প্রত্যাহার করেন।

[খবর](#) থেকে আরও পড়ুন